



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া
প্রশাসন বিভাগ
www.rda.gov.bd

নম্বর: ৪৭.৬৪.১০৮৮.০১৪.৩৩.০৪৯.১৯.১২৯৫

তারিখ: ২১ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
০৬ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: সরকারি কর্মচারীকে সম্পদ বিবরণী দাখিল সংক্রান্ত নোটিশ

পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া'র সকল কর্মকর্তা/কর্মচারীদের জানানো যাচ্ছে যে, সরকারি কর্মচারীদের দুর্নীতি প্রতিরোধ এবং স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ২৪/০৯/২২৪ খ্রি. তারিখের স্মারক নং-৪৭.০০.০০০০.০৩১.১৬.০১০.২০-৯৪৬ ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-৪ শাখার ২২/০৯/২০২৪ খ্রি. তারিখের স্মারক নং-০৫.০০.০০০০.১৭৩.২২. ০২৭.২৪-১৪৮ জারীকৃত বিজ্ঞপ্তি মারফত নির্দেশনা প্রদান করা হয়েছে। সকল কর্মকর্তা/কর্মচারীদের গত ০২.০৯.২০২৪ খ্রি. তারিখ জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রণয়নকৃত ফরমেট অনুসরণে ৩০/০৬/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত অর্জিত সম্পদের বিবরণ ৩১/১০/২০২৪ খ্রি. তারিখের মধ্যে প্রশাসন বিভাগে দাখিলের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২। ক্যাডার/প্রথম শ্রেণির নন-ক্যাডার কর্মকর্তা (৯ম গ্রেড এবং তদূর্ধ্ব) তাঁর নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের মাধ্যমে প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগের সচিবের নিকট সম্পদ বিবরণী নির্ধারিত সময়ের মধ্যে দাখিল করবেন।

৩। দ্বিতীয় শ্রেণির গেজেটেড/নন-গেজেটেড কর্মকর্তাগণ (১০ম গ্রেড) নিজ নিজ নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট তাঁর সম্পদ বিবরণী নির্ধারিত সময়ের মধ্যে দাখিল করবেন।

৪। মন্ত্রণালয়/বিভাগ এবং এর অধীনস্থ সরকারি অফিস/প্রতিষ্ঠানের গ্রেড-১১ হতে গ্রেড-২০ পর্যন্ত কর্মচারীগণ তাঁদের নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট তাঁদের সম্পদ বিবরণী নির্ধারিত সময়ে দাখিল করবেন।

০৬-১০-২০২৪

(মোঃ মহিউদ্দিন)

উপপরিচালক (প্রশাসন)

বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (সকল), পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া;
- ২। কর্মকর্তা/কর্মচারী (সকল),, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া;
- ৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া (মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৪। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া (মহোদয়ের সদয় অবগতির জন্য) এবং
- ৫। নোটিশ বোর্ড, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া।

